

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৭২৯

অমরপুর, ১৮ নভেম্বর, ২০২৩

রাষ্ট্রীয় কৃষি বিকাশ যোজনা

অমরপুর কৃষি মহকুমায় ৩০০ হেক্টর জমিতে বরো ধান চাষ

রাষ্ট্রীয় কৃষি বিকাশ যোজনায় চলতি অর্থবছরে অমরপুর কৃষি মহকুমায় ৩০০ হেক্টর জমি বরো ধান চাষের আওতায় আনার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। এই যোজনায় কৃষি মহকুমার ১ হাজার ৫০০ জন কৃষক উপকৃত হবেন। সুবিধাভোগী কৃষকদের বরো ধানের বীজ, সার ও ঔষধ দেওয়া হবে। এজন্য ব্যয় হবে ২৭ লক্ষ টাকা। তাছাড়াও পিএম কিষাণ সম্মাননিধি যোজনায় এখন পর্যন্ত অমরপুর কৃষি মহকুমার ৫ হাজার ৫৮৫ জন কৃষক উপকৃত হয়েছেন। সুবিধাভোগী কৃষকদের বছরে ৩ কিস্তিতে ৬ হাজার টাকা করে দেওয়া হচ্ছে। অমরপুর কৃষি মহকুমা কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।
